ঝিনাইদহে আওয়ামী লীগ কার্যালয়ের সামনে বোমা বিস্ফোরণ, শহর জুড়ে উত্তেজনা

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ কার্যালয়ের সামনে পরপর চারটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এঘটনায় শহর জুড়ে উত্তেজনা বিরাজ করছে।

বৃহস্পতিবার দিবাগত রাত দেড়টার দিকে জেলা রেজিস্ট্রি অফিস ও শিল্পকলা ভবন এলাকায় এ ঘটনা ঘটে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয়েছে আরও পাঁচটি ককটেল।

সড়কের নিরাপত্তা প্রহরী বাবলু মিয়া বলেন, রাত দেড়টার দিকে হঠাৎ আওয়ামী লীগের কার্যালয়ের পেছনে বিকট শব্দ হয়। পরপর চারটি ককটেল বিস্ফোরণ হয়। পরে পুলিশ আসে। পুলিশ এসে অফিসের পেছন থেকে পাঁচটি ককটেল উদ্ধার করে।

ঘটনার সংবাদ শুনে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রানা হামিদসহ অন্যান্য নেতাকর্মী ঘটনাস্থলে পৌঁছে এ ঘটনার তীব্র নিন্দা জানান।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু জানান, ‘ঢাকায় বিএনপির সমাবেশকে কেন্দ্র করে ঝিনাইদহেও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে বিএনপির লোকেরা এ ঘটনা ঘটিয়েছে। আমরা এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। সেই সঙ্গে যারা জড়িত তাদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।’

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, ‘রাত আনুমানিক দেড়টার দিকে হঠাৎ চারটি বোমার বিস্ফোরণের শব্দ শোনা যায়। আমরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। সেখানে কাউকে পাওয়া যায়নি। আমরা অফিসের পেছন থেকে পাঁচটি ককটেল উদ্ধার করেছি। তবে কে বা কারা এ ঘটনা ঘটিয়েছে সেটি জানা যায়নি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’